

বিজিএ/এডমিন/২০২৩/২১৪

১৫ জানুয়ারি, ২০২৩

সম্মানিত সদস্য
বিজিএমইএ।

বিষয়ঃ বিজিএমইএ এর একটি মানবিক উদ্যোগে অংশগ্রহন/সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম। আশা করি, আপনি ভালো আছেন।

পৌষের হিমেল দিনে একটি ভিন্ন বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করে লিখছি।

আমরা সকলেই জানি, মৌলিক মানবিক চাহিদার মধ্যে খাদ্যের পরেই বস্ত্র বা পোশাক। পোশাক আমরা নিজেরা পরিধান করি, অন্যদেরকেও উপহার দেই, পোশাক তৈরি করে রপ্তানিও করছি। পোশাক রপ্তানিতে বিশ্বে আমাদের বর্তমান অবস্থান ২য়। অথচ বস্ত্রের মতো গুরুত্বপূর্ণ মৌলিক মানবিক চাহিদাটি বাংলাদেশের সব শ্রেণির জনগণের মধ্যে সমানভাবে পূরণ হচ্ছে না। এদেশে এমন অনেক পরিবার আছে, যারা আর্থিক সংকটের কারণে প্রয়োজনীয় পোশাকের সংস্থান করতে পারছে না।

বিজিএমইএ এর বর্তমান বোর্ড সিদ্ধান্ত নিয়েছে, সাধারণ জনগণের মধ্যে যারা Needy/সুবিধাবঞ্চিত, বিজিএমইএ এর পক্ষ থেকে তাদের কাছে পোশাক পৌঁছে দেয়া হবে। যদিও বিজিএমইএ প্রতি বছরই শীত, বন্যা ও ঈদ উপলক্ষ্যে সাধারণ মানুষের কাছে পোশাক পৌঁছে দেয়ার কার্যক্রম গ্রহণ করে আসছে, এমনকি ধারাবাহিকতা রক্ষা করে চলতি শীতের মধ্যেও তা করছি - তারপরও আমরা পরিকল্পনা করেছি, এ ব্যাপারে সাধারণ জনগণের জন্য সারা বছর জুড়ে ব্যাপক পরিধিতে আরও কিছু করার।

দেশটা আমাদের সকলের। সর্ববৃহৎ পোশাকখাতের পক্ষ থেকে দেশবাসীর পাশে দাঁড়ানো আমাদের নৈতিক দায়িত্ব।

আমাদের অনেকের কাছেই অনেক অব্যবহৃত পোশাক পড়ে রয়েছে। আবার এমনও পোশাক রয়েছে, আমরা পরিধান করেছি এবং এখনো পরিধানযোগ্য রয়েছে। এই পোশাকগুলো বিজিএমইএ'কে প্রদান করা হলে বিজিএমইএ নিজস্ব ব্যবস্থাপনায় পোশাক সামগ্রীগুলো ধোলাই (Wash) ও ইস্তিরি (Iron) সম্পন্ন করে সাধারণ মানুষের কাছে পৌঁছে দেয়ার ব্যবস্থা গ্রহণ করবে। এই ধরনের পোশাক আপনার কাছে থাকলে বিজিএমইএ'কে প্রদানের জন্য একান্তভাবে অনুরোধ করছি। আমরা আপনার হয়ে সেগুলো পৌঁছে দেবো সেসব মানুষের কাছে - যাদের কাছে এগুলোর প্রয়োজনীয়তা রয়েছে।

আপনি যে সমস্ত পোশাক দিয়ে বিজিএমইএ'কে উল্লেখিত উদ্যোগে অংশগ্রহন/সহযোগিতা প্রদান করতে পারেন, সেগুলো হচ্ছে :

১) যে কোন বয়সী মানুষের অব্যবহৃত সকল ধরনের পোশাক।

পাতা- ১/২

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

২) যে কোন বয়সী মানুষের ব্যবহৃত সকল ধরনের পোশাক যা এখনো পরিধানযোগ্য রয়েছে, তবে পোশাকে কোন ছেঁড়াফাটা/ত্রুটি নেই।

আপনার কাছ থেকে পোশাক সংগ্রহ করার সুবিধার্থে আমরা উত্তরাস্থ বিজিএমইএ কমপ্লেক্সের নীচতলায় দুটি পোশাক কালেকশন কাউন্টার স্থাপন করেছি। একটি কাউন্টার নতুন পোশাক এবং অপর কাউন্টারটি ব্যবহৃত পোশাক গ্রহণের জন্য। বিজিএমইএ অফিস চলাকালীন সময়ে (সকাল ১০ঃ০০ ঘটিকা থেকে সন্ধ্যা ৬ঃ০০ ঘটিকা পর্যন্ত) এসব পোশাক গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, সারা বছর জুড়ে এই কার্যক্রম চলবে।


আমি গভীরভাবে বিশ্বাস করি, বিজিএমইএ এর এই উদ্যোগে বরাবরের মতো এবারও আমরা আপনার ঐকান্তিক সহযোগিতা ও সমর্থন পাবো।

এ বিষয়ে যে কোন তথ্যের জন্য বিজিএমইএ এর নিম্নোক্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করার অনুরোধ করছিঃ

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সিনিয়র অতিরিক্ত সচিব (প্রশাসন এবং মানব সম্পদ)
মোবাইল নং: +৮৮০-১৭১১-৪২৩৯৯৫
ইমেইল: addrsecy.admin@bgmea.com.bd

আসুন, আমরা সকলে মিলে একটি মানবিক বাংলাদেশ গড়ে তুলি, ভাতৃত্ববোধের চেতনায় নিজেদেরকে উজ্জীবিত করে দেশকে আরও এগিয়ে নেই। বিজিএমইএ এর সকল উদ্যোগে পাশে থেকে সহযোগিতা প্রদানের জন্য আপনাদেরকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

শুভেচ্ছান্তে,


ফারুক হাসান
সভাপতি

পাতা- ২/২

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
— বাংলাদেশ তৈরি —